বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
মানব সম্পদ শাখা-২
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.parliament.gov.bd

নং-১১.০০.০০০০.০০০.৮০৪.১১.০০০৪.২৬.৬৪৬

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত ১১ হতে ২০তম (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী) গ্রেডের পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে https://bps.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে (Online) আবেদন আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা	আবেদনের যোগ্যতা ও অভিজ্ঞতা (নিয়োগ বিধির তফসিল অনুযায়ী)
১	গাইড (২৫০০০-৬০৫০০/-) গ্রেড-১১	০১ (এক)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে ইংরেজি বিষয়ে অন্যূন স্নাতক (সম্মান) পাস।
২	ক্যাটালগার (২৫০০০-৬০৫০০/-) গ্রেড-১১	০৩ (তিন)	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা।
৩	লেজিসলেটিভ এ্যাসিস্ট্যান্ট (২৪০০০-৫৮০০০/-) গ্রেড-১৩	০১ (এক)	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রী।
৪	ফটোগ্রাফার স্টীল (২৪০০০-৫৮০০০/-) গ্রেড-১৩	০১ (এক)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ ফটোগ্রাফীর উপর সনদ থাকিতে হইবে অথবা কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাশসহ ফটোগ্রাফীতে ডিপ্লোমা।
৫	টেকনিশিয়ান (নেটওয়ার্ক) (২৪০০০-৫৮০০০/-) গ্রেড-১৩	০১ (এক)	কম্পিউটার সায়েন্স/নেটওয়ার্কিং/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজিতে ডিপ্লোমা।
৬	টেকনিশিয়ান (হার্ডওয়্যার) (২৪০০০-৫৮০০০/-) গ্রেড-১৩	০৫ (পাঁচ)	কম্পিউটার সায়েন্স/ হার্ডওয়ারিং/ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজিতে ডিপ্লোমা।
৭	টিভি টেকনিশিয়ান (২৪০০০-৫৮০০০/-) গ্রেড-১৩	০২ (দুই)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস এবং ২ বৎসরের ট্রেড সার্টিফিকেটসহ বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
৮	সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (২৪০০০-৫৮০০০/-) গ্রেড-১৩	২৩ (তেইশ)	(১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী। (২) বাংলা সীটলিপি ও কম্পিউটারে Word Processing/Data Entry সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ ও ৩০ শব্দ অথবা ইংরেজী সীটলিপি ও কম্পিউটারে Word Processing/Data Entry সর্বনিম্ন যথাক্রমে ৭০ ও ৪০ শব্দের গতি থাকিতে হইবে। (৩) Word Processing, Spread Sheet Analysis, Database এবং Presentation এ দক্ষ হইতে হইবে। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
৯	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (২৩৫০০-৫৬৮০০/-) গ্রেড-১৪	০৫ (পাঁচ)	(১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী। (২) Operator "Standard Aptitude Test" এ উত্তীর্ণ হইতে হইবে। (৩) বাংলা ও ইংরেজী টাইপিং এ গতিসীমা যথাক্রমে ২০ ও ২৫ শব্দ।
১০	গ্রন্থাগার সহকারী (২৩৫০০-৫৬৮০০/-) গ্রেড-১৪	০২ (দুই)	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা।
১১	সহকারী সিকিউরিটি ইন্সপেক্টর (২৩৫০০-৫৬৮০০/-) গ্রেড-১৪	১২ (বারো)	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী এবং উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চিসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। মহিলাদের ক্ষেত্রে ৫ ফুট ২ ইঞ্চি উচ্চতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।
১২	এ্যাম্বুলেন্স ড্রাইভার (২২৮০০-৫৫২০০/-) গ্রেড-১৫	০২ (দুই)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৮ম শ্রেণী পাস এবং ভারী যানবাহন চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে।
১৩	ড্রাইভার (২২৮০০-৫৫২০০/-) গ্রেড-১৫	০৬ (ছয়)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৮ম শ্রেণী পাস এবং ভারী যানবাহন চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে।
১৪	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (২১৯০০-৫২৯০০/-) গ্রেড-১৬	২২ (বাইশ)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস। কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing ইত্যাদিতে গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ২০ ও ৩০ শব্দ। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
১৫	আইন সহকারী (২১৯০০-৫২৯০০/-) গ্রেড-১৬	০১ (এক)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস এবং কোন আইনজীবীর সহকারী হিসেবে অন্যূন ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৬	অফসেট প্রিন্টার্স টেকনিশিয়ান (২১৯০০-৫২৯০০/-) গ্রেড-১৬	০১ (এক)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস। অফসেট প্রিন্টিং কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হইবে।
১৭	প্রটোকল এ্যাসিস্ট্যান্ট (২১৯০০-৫২৯০০/-) গ্রেড-১৬	০২ (দুই)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস এবং কম্পিউটার ইন্টারনেট ও ই-মেইল পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে।
১৮	লাইনম্যান (২১৯০০-৫২৯০০/-) গ্রেড-১৬	০২ (দুই)	(১) কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার/ইলেট্রিক্যাল বিষয়ে এসএসসি (ভোকেশনাল)-সহ এইচএসসি পাস। (২) Operator "Standard Aptitude Test" এ উত্তীর্ণ হইতে হইবে; এবং (৩) সংশ্লিষ্ট কাজে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
১৯	ক্যামেরাম্যান সহকারী (২১৪০০-৫১৯০০/-) গ্রেড-১৭	০১ (এক)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস। ক্যামেরাম্যান সহকারী হিসেবে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
২০	সিকিউরিটি এ্যাসিস্ট্যান্ট (২১০০০-৫০৯০০)/- গ্রেড-১৮	২৪ (চব্বিশ)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস এবং ৫ ফুট ৬ ইঞ্চি উচ্চতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। মহিলাদের ক্ষেত্রে ৫ ফুট ২ ইঞ্চি উচ্চতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। আনসার/ভিডিপি'র মৌলিক প্রশিক্ষণের সনদপ্রাপ্ত হইতে হইবে।
২১	মোয়াজ্জিন (২০৫০০-৪৯৬০০/-) গ্রেড-১৯	০১ (এক)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন আলীম এবং ক্বারীয়ানা পাস হইতে হইবে। তাঁহাকে সুকণ্ঠের অধিকারী হইতে হইবে।
২২	মেকানিক গ্রেড-সি (২০৫০০-৪৯৬০০/-) গ্রেড-১৯	০১ (এক)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এসএসসি (ভোকেশনাল) পাস অথবা সরকার অনুমোদিত টেকনিক্যাল স্কুল হইতে অন্যূন ৬ মাসের অটোমোবাইলের উপর প্রশিক্ষণসহ ৮ম শ্রেণী পাস। বাস্তব অভিজ্ঞতাসম্পন্নদের জন্য যোগ্যতা শিথিলযোগ্য।
২৩	অফিস সহায়ক কাম পরিচ্ছন্নতা কর্মী (২০০০০-৪৮৪০০) গ্রেড-২০	০৩ (তিন)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এসএসসি পাস। তবে এই তফসিল জারির পূর্বে জাতীয় সংসদ সচিবালয়ে কর্মরত দৈনিক ভিত্তিক সাংবাৎসরিক কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাস।
২৪	সহকারী ডেসপাচ রাইডার (২০০০০-৪৮৪০০) গ্রেড-২০	০৩ (তিন)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এসএসসি পাস। তবে এই তফসিল জারির পূর্বে জাতীয় সংসদ সচিবালয়ে কর্মরত দৈনিক ভিত্তিক সাংবাৎসরিক কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণি পাস। মোটর সাইকেল চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
২৫	কামরা পরিচারক/পরিচারিকা (২০০০০-৪৮৪০০) গ্রেড-২০	১৪ (চৌদ্দ)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এসএসসি পাস। তবে এই তফসিল জারির পূর্বে জাতীয় সংসদ সচিবালয়ে কর্মরত দৈনিক ভিত্তিক সাংবাৎসরিক কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাস।
২৬	নিরাপত্তা প্রহরী (২০০০০-৪৮৪০০) গ্রেড-২০	১০ (দশ)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৮ম শ্রেণি পাস। শারীরিকভাবে উপযুক্ত হইতে হইবে।
২৭	পরিচ্ছন্নতাকর্মী (পূর্বনাম ঝাড়ুদার) (২০০০০-৪৮৪০০) গ্রেড-২০	০৪ (চার)	পেশাদার ঝাড়ুদার হইতে হইবে।
২৮	ক্লীনার/হেল্পার (২০০০০-৪৮৪০০) গ্রেড-২০	০২ (দুই)	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৮ম শ্রেণী পাস।

০২। **অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:**

ক. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কোটা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নং প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

খ. প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের বয়সসীমা ১২-১১-২০২৬ খ্রিঃ তারিখে বয়স ১৮ হতে ৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঘ. কোন ব্যক্তিকে জাতীয় সংসদ সচিবালয়ের দৈনিক ভিত্তিক সাংবাৎসরিক কোন পদে নিয়োগ করা হয়ে থাকলে উল্লিখিত ব্যক্তির সাংবাৎসরিক ভিত্তিতে নিযুক্তকালীন কার্যকালের জন্য তার যোগ্যতা সাপেক্ষে সংসদ সচিবালয়ের কোন শূন্য পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সর্বোচ্চ বয়সসীমা শিথিলযোগ্য। তবে সেক্ষেত্রে অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে সাংবাৎসরিক হিসেবে নিয়োগের তারিখ ও স্মারক নম্বর উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদন গ্রহণযোগ্য হবে না।

ঙ. জাতীয় সংসদের স্পিকার, ডেপুটি স্পিকার, চীফ হুইপ, সংসদ উপনেতা, বিরোধীদলের নেতা, বিরোধীদলের উপনেতা ও হুইপগণের কার্যালয়ে কর্মরত প্রিভিলেইজড কর্মকর্তা বা কর্মচারী উক্ত পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমার মধ্যে নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে তার নিযুক্তকালীন কার্যকালের জন্য অন্যান্য যোগ্যতা সাপেক্ষে সংসদ সচিবালয়ের কোন শূন্য পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সর্বোচ্চ বয়সসীমা শিথিলযোগ্য। তবে সেক্ষেত্রে অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রিভিলেইজড কর্মচারী হিসেবে নিয়োগের তারিখ ও স্মারক নম্বর উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদন গ্রহণযোগ্য হবে না।

চ. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের জন্য যে শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছে, কোন প্রার্থী আবেদনপত্র দাখিল করার পূর্বে চাহিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকলে তা দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখ করতে হবে, অন্যথায় নিয়োগ প্রাপ্তির পর অতিরিক্ত সনদপত্র গ্রহণযোগ্য হবে না। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

ছ. প্রার্থীকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

জ. মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত কপি জমা দিতে হবে:

i. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র, লাইসেন্সসহ);

ii. কোটা দাবির সমর্থনে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

iii. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্রশাসক, পৌরসভা প্রশাসক এবং সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত অনুলিপি;

iv. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy); এবং

ঝ. বর্ণিত শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

ঞ. প্রার্থীর যোগ্যতা যাচাই; প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া নূন্যতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তিতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ট. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

০৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://bps.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১২-১১-২০২৬ খ্রি: রাত ১২.০১ মিনিট। (12.01 AM)

II. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০২-১২-২০২৬খ্রি: রাত ১১.৫৯ মিনিট (11.59 PM) পর্যন্ত।

III. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit Online (Application Preview) দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী ডাউনলোড করে রঙ্গিন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ১নং থেকে ০২নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠারো) টাকাসহ সর্বমোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ০৩ থেকে ১৮ নং ক্রমিকের পদসমূহের জন্য নিয়োগ পরীক্ষা ফি ১০০/- (একশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বার) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ১৯ থেকে ২৮ নং ক্রমিকের পদসমূহের জন্য নিয়োগ পরীক্ষা ফি ৫০/- (পঞ্চাশ) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদে অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) ক্ষেত্রে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: BPS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BPS ABCDEF
Reply: Applicants Name.TK.168/112/56/- will be charged as application fee your PIN is 12345678

দ্বিতীয় SMS: BPS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BPS YES 12345678
Reply: Congratulation Applicants Name payment completed successfully for BPS Application for post XXXXXXXXXX user ID is (ABCDEF) and password (xxxxxxxXXXXX)
দ্বিতীয় SMS পাঠানোর পর ফিরতি SMS এ প্রাপ্ত password টি Admit card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://bps.teletalk.com.bd অথবা বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এর ওয়েবসাইট www.parliament.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে BPS<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: BPS Help User ABCDEF & send to 16222
(ii) PIN Number জানা থাকলে BPS<space>Help<space>PIN<space>PIN no & send to 16222
Example: BPS Help PIN 12345678 & send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এর ওয়েবসাইট www.parliament.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এ সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় www.parliament.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd এবং recruitment@parliament.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BPS, Post Name:** Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এর টেলিটক জব পোর্টালে প্রবেশ এর QR Code

GD-2735

ফাতিমা আজরিন তন্বী
সিনিয়র সহকারী সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়